দৈনিক ইনকিলাব

তারিখ 1 5 SEP 1987
পৃষ্ঠা 4 কলাম 6

4

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে বাইরের হস্তক্ষেপ

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল (শনিবার) ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২৮১ জন সাধারণ ছাত্র এক যুক্ত বিবৃতিতে উক্ত বিশ্ববিদ্যালয়ের আভ্যন্তরীণ ব্যাপারে বাইরের লোকদের হস্তক্ষেপকে রাজনৈতিক "ব্ল্যাকমেলিং" বলে উল্লেখ করেছেন। বিবৃতিতে স্বাক্ষরকারী ছাত্ররা গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, পরীক্ষায় অকৃতকার্য ১৪ জন ছাত্রকে বিশ্ববিদ্যালয় থেকে অব্যাহতি দেয়া এবং নকলের অভিযোগে ৬ জন ছাত্রের বহিষ্কারকে পুঁজি করে একটি মুখচেনা মহল ঘৃণ্য ষড়যন্ত্রে মেতে উঠেছে।

ঐ মুখচেনা মহলটি "শহীদ মিনার" নির্মাণের অপরাধে ২০ জন ছাত্রকে বহিষ্কার করা হয়েছে—এ ধুয়া তুলে রাজনৈতিক ফায়দা হাসিলের প্রয়াস পাচ্ছে। উপরন্তু উক্ত মহলটি সাধারণ ছাত্রদের সমর্থন না পেয়ে গত ২ সেপ্টেম্বর ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও একাডেমিক ভবনে ভাঙচুর এবং ৭ সেপ্টেম্বর, আবাসিক হলে অবস্থানরত নিরীহ ছাত্র ও প্রভোস্ট, হাউজ টিউটরের উপর সশস্ত্র হামলা চালায়। বিবৃতিতে সম্প্রতি একটি দৈনিক পত্রিকায় ১০৪ জন ছাত্রের বরাত দিয়ে প্রকাশিত বিবৃতিকে মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবী করা হয়েছে।